তুমি তো সেই যাবেই চ'লে,     কিছু তো না রবে বাকি—
আমায় ব্যথা দিয়ে গেলে          জেগে রবে সেই কথা কি ॥
তুমি পথিক আপন-মনে
এলে আমার কুসুমবনে,
চরণপাতে যা দাও দ'লে  সে-সব আমি দেব ঢাকি ॥
বেলা যাবে আঁধার হবে, একা ব'সে হৃদয় ভ'রে
আমার বেদনখানি আমি রেখে দেব মধুর ক'রে।
বিদায়-বাঁশির করুণ রবে
সাঁঝের গগন মগন হবে,
চোখের জলে দুখের শোভা নবীন ক'রে দেব রাখি ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Ektaal, Raag: Purvi
Visit www.geetabitan.com for notation and other detail